

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৫০/২০১৯

তারিখঃ ০৮/০৯/২০১৯খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

মূসক পুনঃ নিবন্ধন সংক্রান্ত জরুরী দৃষ্টি আকর্ষণ

সকল সম্মানিত সদস্য/সদস্যদের জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড এর নির্দেশনা অনুসারে সকল মূসক নিবন্ধনকৃত (৯ ডিজিট এবং ১১ ডিজিট নিবন্ধন ব্যবহারকারী) সি এন্ড এফ এজেন্টকে অনলাইনের মাধ্যমে পুনরায় মূসক নিবন্ধন করতে হবে।

অনলাইনের মাধ্যমে মূসক নিবন্ধন প্রক্রিয়া কিভাবে সম্পন্ন করতে হবে, তা “www.vat.gov.bd” ওয়েবসাইটে প্রদত্ত “**User Guide**” এ ছবি সহকারে বিস্তারিত উল্লেখ করা আছে। সম্মানিত সদস্য/সদস্যবৃন্দ নিজ অফিস থেকে অনলাইনে মূসক নিবন্ধনের আবেদন দাখিল করতে পারবেন। তবে এ ব্যাপারে সম্মানিত সদস্য/সদস্যদের প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অত্র এসোসিয়েশন উদ্যোগ গ্রহণ করেছে।

এসোসিয়েশনের মাধ্যমে অনলাইনে মূসক নিবন্ধনে আগ্রহী সম্মানিত সদস্য/সদস্যদের এতদসঙ্গে সংযুক্ত আবেদন প্রতিষ্ঠানের লেটারহাডে পূরণ করে আবেদনসহ নিম্নোক্ত দলিলাদির ফটোকপি আগামী ২৬/০৯/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অত্র এসোসিয়েশনের প্রধান কার্যালয়ে দাখিলে অনুরোধ করা হলো।

১. ৯ ডিজিট মূসক নিবন্ধন সনদ (যদি ইতোপূর্বে নিবন্ধন করা থাকে)
২. ১১ ডিজিট মূসক নিবন্ধন সনদ
৩. ব্যক্তি ই-টিআইএন (স্বত্বাধিকারী/পরিচালক-সকল/অংশীদার-সকল)
৪. প্রতিষ্ঠানের ই-টিআইএন (লিমিটেড/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে)
৫. জাতীয় পরিচয়পত্র (স্বত্বাধিকারী/পরিচালক-সকল/অংশীদার-সকল) (জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্ট কপি)
৬. ট্রেড লাইসেন্স
৭. ইনকর্পোরেশন সার্টিফিকেট (লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)
৮. প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের তথ্য (ব্যাংক কর্তৃক প্রত্যয়নকৃত ব্যাংক সনদ বা এক মাসের ব্যাংক স্ট্যাটমেন্ট)

এসোসিয়েশন কর্তৃক সম্মানিত সদস্য/সদস্যদের পক্ষে অনলাইনে মূসক নিবন্ধনের প্রথম ধাপ অর্থাৎ ‘Sign up’ সম্পন্ন করার পর ‘Username & Password’ সদস্য/সদস্যদের প্রদত্ত স্ব স্ব মোবাইল নম্বর ও ই-মেইলে জাতীয় রাজস্ব বোর্ড এর VAT Online System থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রেরণ করা হবে। অনলাইনে মূসক নিবন্ধনের দ্বিতীয় ধাপ অর্থাৎ মূসক নিবন্ধন ফর্ম পূরণ করার জন্য প্রাপ্ত ‘Username & Password’ এসোসিয়েশনকে অবহিত করতে হবে।

অনলাইনে মূসক নিবন্ধনের আবেদন দাখিল সম্পন্ন হওয়ার পর তা সংশ্লিষ্ট সদস্য/সদস্যদের ই-মেইল বা টেলিফোনের মাধ্যমে অবহিত করা হবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

(প্রযোজ্য দলিলাদির ফটোকপিসহ প্রতিষ্ঠানের লেটারহ্যাডে নিম্নোক্তভাবে আবেদন করতে হবে)

তারিখ :

বরাবর

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

সিএন্ডএফ টাওয়ার (১৪ তলা),

১৭১২ শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ, চট্টগ্রাম।

বিষয় : এসোসিয়েশনের মাধ্যমে অনলাইনে মুসক পুনঃ নিবন্ধনের আবেদন দাখিল করা প্রসঙ্গে।

সূত্র : এসোসিয়েশনের প্রচারপত্র নং- ৫০, তারিখ- ০৮/০৯/২০১৯খ্রিঃ।

মহোদয়,

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমার/আমাদের প্রতিষ্ঠানের মুসক পুনঃ নিবন্ধনের আবেদন এসোসিয়েশনের মাধ্যমে অনলাইনে দাখিল করতে ইচ্ছুক। এ প্রেক্ষিতে মুসক নিবন্ধনের আবেদন আমার/আমাদের প্রতিষ্ঠানের পক্ষে অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ জানাচ্ছি।

1. NAME OF C&F AGENT :

2. OFFICE ADDRESS :

3. POLICE STATION :

4. POSTAL CODE:

5. MOBILE :

6. TELE :

7. E-MAIL :

7. LICENSE NO. :

8. INFORMATION ABOUT OWNER/DIRECTORS/PARTNERS :

FULL NAME	DESIGNATION	MOBILE	SHARE(%)

9. ANNUAL TURNOVER :

10. NUMBER OF EMPLOYEES :

ধন্যবাদান্তে,

স্বাক্ষর :

পূর্ণ নাম :

পদবী :

প্রতিষ্ঠানের সীল :

সংযুক্তি :

১. ৯ ডিজিট মুসক নিবন্ধন সনদ (যদি ইতোপূর্বে নিবন্ধন করা থাকে)

২. ১১ ডিজিট মুসক নিবন্ধন সনদ

৩. ব্যক্তি ই-টিআইএন (স্বত্বাধিকারী/পরিচালক-সকল/অংশীদার-সকল)

৪. প্রতিষ্ঠানের ই-টিআইএন (লিমিটেড/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে)

৫. জাতীয় পরিচয়পত্র (স্বত্বাধিকারী/পরিচালক-সকল/অংশীদার-সকল) (জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্ট কপি)

৬. ট্রেড লাইসেন্স

৭. ইনকর্পোরেশন সার্টিফিকেট (লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)

৮. প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের তথ্য (ব্যাংক কর্তৃক প্রত্যয়নকৃত ব্যাংক সনদ বা এক মাসের ব্যাংক স্ট্যাটমেন্ট)